

দু'টি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.org.bd

অতীব গুরুত্বপূর্ণ

স্মারক নং- পপঅ/প্রশা-১/পরিপত্র/সার্কুলার/২৪৫/২০১৪/ ২০২৫

তারিখ: ১৬ জুলাই ২০১৭ খ্রি:।

পরিপত্র

বিষয়: মাঠপর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।


উল্লেখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ১০ম জাতীয় সংসদের জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ২২তম বৈঠকে মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনার কার্যক্রমের বর্তমান পরিস্থিতিতে চরম অসন্তোষ প্রকাশ করা হয় এবং জানানো হয় পরিবার পরিকল্পনা বিভাগীয় মাঠকর্মীগণ বাড়ি পরিদর্শন করেননা, এমনকি সপ্তাহে ৩ (তিন) দিন কমিউনিটি ক্লিনিকে দায়িত্ব পালনের নির্দেশনা থাকলেও তা পালন করেননা।

২। এ উদ্দেশ্যে জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাগণ এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক (FPI)-দের যথাযথ ও নিয়মিত তদারকির মাধ্যমে ইউনিয়ন ও তদনিন্ম পর্যায়ে পরিবার কল্যাণ সহকারীগণের নিয়মিত বাড়ি বাড়ি পরিদর্শন, স্যাটেলাইট ক্লিনিকে অংশগ্রহণ এবং কমিউনিটি ক্লিনিকে দায়িত্ব পালন নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হ'লো।

৩। মাঠ পর্যায়ে কার্যক্রম নিয়মিত তদারকি করার লক্ষ্যে ইতোমধ্যে অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি ভিজিটেশন টিম গঠন করা হয়েছে।

৪। তদারকি কার্যক্রমে অত্র পরিপত্র অনুযায়ী এবং কর্মকর্তা/কর্মচারীদের কার্য পরিধি (Job Description) অনুযায়ী অর্পিত দায়িত্ব পালনে কোন গাফিলতি পরিলক্ষিত হলে বিভাগীয় মামলা রুজু পূর্বক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(কাজী মোস্তফা সারোয়ার)
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

বিতরণঃ সদয় কার্যার্থে

১. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল),বিভাগ।
 ২. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল),জেলা।
 ৩. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার-(এমসিএইচ-এফপি),
উপজেলা....., জেলা.....।
- কর্মকর্তা/ কর্মচারীগণের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)....., অত্র অধিদপ্তর।
৪. পরিচালক (এমআইএস), অত্র অধিদপ্তর। অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'লো।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি।